



EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতি (প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়নে সহযোগীতাই আমাদের লক্ষ্য)

ঢাকা, ২৯শে সেপ্টেম্বর ২০২৪

বরাবর
মাননীয় উপদেষ্টা
প্রফেসর ড: আসিফ নজরুল
প্রবাসী কল্যাণ বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয় ও
আইন ও বিচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমেইল : minister@probashi.gov.bd



জনাব,

আসসালামুয়ালাইকুম।

যথাবিহিত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, গত ১৪ই সেপ্টেম্বর, **BMET** দফতরে আপনার সাথে প্রাথমিক আলোচনার পরে **EU-BANGLADESH TALENT PARTNERSHIP** ও ইতালী অভিবাসন প্রত্যাসী এক লাখ অভিবাসীদের ভিসা সংক্রান্ত চলমান সমস্যা নিরসনে আপনার নির্দেশনায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের এডিশনাল সেক্রেটারী জনাব সাইফুল হক চৌধুরীর পরামর্শ ও সহযোগীতায় ক্রমে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে গত ২৩ সেপ্টেম্বর একটি সভা অনুষ্ঠিত হয়। একই সাথে উপসচিব জনাব সারোয়ার আলম সাহেবের সাথে ইতালী অভিবাসীদের আইনী সহায়তা প্রদানের উপর বিস্তারিত আলোচনার পরে একটি রুপরেখা সংক্রান্ত প্রস্তাবনা জমা দেয়া হয়।

প্রবাসীদের চলমান নিম্নলিখিত কয়েকটি জরুরী বিষয়ে অন্তর্বর্তীকালীন সরকারে কাজে সাথে সহযোগীতা ও প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রেরণ পূর্বক নীতি নির্ধারনী সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে আপনার সাথে জরুরী সাক্ষত কামনা করছি।

১) **EU-BANGLADESH TALENT PARTNERSHIP** এর আওতায় আগামী পাচ বছরে ১০ লাখ কর্ম সংস্থান সংক্রান্ত পরিকল্পনা উপস্থাপন প্রসঙ্গে।।

সংযুক্ত: প্রস্তাবনা সাথে ১৯৯৮ সালে হতে ২০২১ সাল পর্যন্ত আমাদের কর্মকর্তাদের বিস্তারিত তথ্যপত্র।

২) ইতালী অভিবাসীদের কাজের ভিসা ও অভিবাসন প্রক্রিয়ায় একলাখ দশ হাজার কর্মীদের ভাগ্য নির্ধারনে ভিসা সমস্যা আসু সমাধানে আইনী ততপরতা সকল প্রবাসীদের জন্য দেশে ও বিদেশে আইনী সহায়তা প্রদান প্রসঙ্গে।

সংযুক্ত : ইতালী দূতবাসের ভিসা প্রদানে সক্ষমতা বাড়াতে আইনী সহায়তার প্রস্তাবনা।

৩) বর্তমানে বহির্বিশ্বে দেড় কোটি বাংলাদেশী প্রবাসী নাগরিক যারা দেশের মোট ভোটারের প্রায় ১৫% যারা ভোটারের অধিকার হতে বঞ্চিত ও অধিকারগত বৈসম্যর শীকার। প্রবাসে থাকার কারণে চলমান নির্বাচনী প্রক্রিয়া প্রবাসী জনগনের নাগরিক অধিকার ও ভোটধিকার হতে বঞ্চিত এবং সরকারে প্রবাসীদের কোন প্রতিনিধিত্ব নাই।



EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতি

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়নে সহযোগীতাই আমাদের লক্ষ্য)

- ক) প্রবাসী নাগরিকের আগামী নির্বাচনে ভোটের অধিকার প্রতিষ্ঠা প্রস্তাব ও দাবী জানাচ্ছি।
- খ) দেড় কোটি ভোটার প্রবাসী নাগরিকের সরকারে প্রতিনিধিত্ব প্রতিষ্ঠা প্রস্তাব ও দাবী জানাচ্ছি।
- গ) ভোটাধিকার প্রয়োগ স্বাভাবিক প্রক্রিয়া বাস্তবায়নের পূর্বে পর্জন্ত কোটা ভিত্তিক সংসদীয় আসন প্রদানের প্রস্তাব ও দাবী জানাচ্ছি।

এতএব বিনীত নিবেদন এই যে, উল্লিখিত বিষয়ের আলোকে বৈসম্য বিরোধী আন্দোলনে গত ৫ই আগস্টের ছাত্র জনতার অভূতান প্রতিষ্ঠিত জনগনের সরকার কাছে প্রবাসীদের অধিকারের বৈসম্য নিরসনে ও আশা আকাজ্জা বাস্তবায়নে যৌক্তিক, কারিগরি, অভিজ্ঞতা, পরামর্শ, মতামত বিনিময় প্রয়োজনীয় সহায়তা ও কর্মসূচি গ্রহণের নিমিত্তে আমরা বিভিন্ন দেশের প্রবাসীদের পক্ষে হতে বাংলাদেশে কর্মরত কয়েকটি সংগঠনের একটি প্রতিনিধি দলকে জরুরী সাক্ষাত প্রদান করে বাধিত করবেন।

বিনীত নিবেদনে।



EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH
বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতি
প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়নে সহযোগীতাই আমাদের লক্ষ্য

(শাহ মোহাম্মদ তাহফুর রহমান)

নির্বাহী পরিচালক

বাংলাদেশের প্রবাসী উন্নয়ন সমিতি, ঢাকা

ফোন : 01894619151

অনুলিপি প্রেরন :

- ১) সচিব, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব পরিকল্পনা ও উন্নয়ন প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত মিশন ও কল্যান প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়
- ৪) মহা পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৫) মহা পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৬) পরিচালক, (প্রশিক্ষণ) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল
- ৮) মহা পরিচালক, ওয়েজ আর্নাস কল্যান বোর্ড
- ৯) যুগ্ম সচিব মনিটরিং ও এনফোর্সমেন্ট, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়
- ১০) উপ সচিব (পরিকল্পনা ও অধি শাখা) প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়
- ১১) উপসচিব (মিশন ও কল্যান) প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়
- ১২) উপসচিব (উন্নয়ন) প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়
- ১৩) উপ সচিব (আইন) প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয়